দর্শনায় ফেনসিডিলসহ রাঙ্গিযারপোতার পিয়াস গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ার পোতা গ্রামে অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী পিয়াস আলীকে
(২৬) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতারকৃত পিয়াস আলী দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা উত্তর পাড়ার সাবদার আলীর ছেলে।

জানাযায় আজ শনিবার সকাল সাড়ে ৬ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, দর্শনা থানার এস আই তারেক হাসান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ রাঙ্গিয়ার পোতা গ্রামের পিয়াসের বাড়িতে অভিযান চালায়।

এ সময় পুলিশ তার বাড়ির উঠানের মাটির ভিতর থেকে ৩৬ বোতল ফেনসিডিলসহ পিয়াস আলীকে গ্রেফতার করে।গতকালই তার বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনা রেললাইনের পাশ থেকে রক্তাক্ত মর*দেহ উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনায় রেললাইনের পাশ থেকে দিলীপ কুমার হালদার (২৮) নামে এক যুবকের মরদেহ উদ্ধার করেছে রেলওয়ে পুলিশ। আজ মঙ্গলবার সকালে দর্শনা হল্ট রেলওয়ে স্টেশনের অদূরে রেললাইনের পাশ থেকে মরদেহ উদ্ধার করা হয়। মরদেহের পাশ থেকে একটি মোটরসাইকেলও উদ্ধার করা হয়েছে।

দিলীপ কুমার হালদার মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের কোমরপুর গ্রামের কার্তিক হালদারের ছেলে।

দর্শনা রেলওয়ে পুলিশের উপ-পরিদর্শক (এসআই) আতাউর রহমান জানান, আজ মঙ্গলবার সকালে খবর পেয়ে রেললাইনের পাশ থেকে অজ্ঞাত যুবকের রক্তাক্ত মরদেহ উদ্ধার করা হয়। পরে পরিচয় পাওয়া গেছে। ধারণা করা হচ্ছে অনুমানিক রাত ১টার দিকে ট্রেনের ধাক্কায় তার মৃত্যু হয়েছে। মরদেহের পাশ থেকে একটি মোটরসাইকেল উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। ময়নাতদন্তের জন্য লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর কারণ জানা যাবে।

চুয়াডাঙ্গার দর্শনায় পৃথক ভাবে পহেলা বৈশাখ পালিত

পয়েলা বৈশাখ বাঙালির একটি সার্বজনীন লোকউৎসব। এ দিন আনন্দঘন পরিবেশে বরণ করে নেওয়া হয় নতুন বছরকে। কল্যাণ ও নতুন জীবনের প্রতীক হলো নববর্ষ। অতীতের ভুলত্রুটি ও ব্যর্থতার গ্লানি ভুলে নতুন করে সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনায় উদযাপিত হয়েছে। এ নববর্ষ। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলার দর্শনায় জাঁকজমকপুর্ন ভাবে বাংলা নববর্ষ ১৪৩১ উৎযাপন হয়েছে।

গতকাল ১৪ এপ্রিল রবিবার সকাল সাড়ে ৮ টায় অনির্বান থিয়েটার ও ঐতিহ্যবাহী কেরু অফিসার্স ক্লাব ও লেডিস ক্লাবের আয়োজনে বণ্যট্য র্যালি বের হয়।র্যালিটি শহরের বিভিন্ন শহর প্রদিক্ষিন করে দর্শনা কামকমিউনিটি সেন্টার চত্তরে শেষ হয়।

বাংলা নববর্ষের র্যালিটিতে অংশ নেয় দর্শনা পৌর সভার মানবিক সুযোগ্য মেয়র আতিয়ার রহমান হাবু, বীর মুক্তিযোদ্ধা ও পৌর আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী, বীর মুক্তিযুদ্ধা মজনুর রহমান আকাশ, অনির্বান থিয়েটারের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন, দর্শনা গ্রন্থগারের পরিচালক ও কবি আবু সুফিয়ান।

পরে র্যালি শেষে হিন্দোলের আয়োজনে দর্শনা কাম কমিউনিটি সেন্টার চত্বরে এক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠান শেষে বাঙ্গালীর ঐতিহ্যবাহি পান্তা ভাত কাঁচা মরিচ পেয়াজ আলু ছেনা দিয়ে সকোলের মাঝে পান্তাভাত বিতরন করেন।পরে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু বক্তব্য রাখেন, এ সময় তিনি বলেন, বাংলা ঐতিহ্যবাহী ধরে রাখতে সবার সহযোগিতার প্রযোজন এবং আগামীতে কিভাবে ভালো করা যায় তা আমি খেয়াল রাখবো।

এ সময় আরও বক্তব্য দেন, বীর মুক্তিযুদ্ধা রুস্তম আলী, কবি ও সাহিত্যিক আবুসুফিয়ান তার আগে কেরু এ্যান্ড কোম্পানীর আয়োজনে সকাল ৮ টায় বণ্যর্ট্য র্যালি বের করে।র্যালিটি কেরু এ্যান্ড কোম্পানীর বিভিন্ন ক্যাম্পাস ঘুরে অফিসার্স ক্লাবে যেয়ে শেষ হয়।

এ সময় আরও বক্তব্য রাখেন কেরু এ্যান্ড কোম্পানির সুযোগ্য ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন ও প্রশাসন বিভাগের মহাব্যাবস্থাপক এডি এম শেখ ইউসুফ আলী, কেরু কারখানার মহাব্যাবস্থাপক, সুমন কুমার।

দর্শনায় বিদ্যুৎ স্পৃষ্টে নির্মান শ্রমিকের মর্মান্তিক মৃত্যু

দামুড়হুদা উপজেলার দর্শনা বিদ্যুৎ স্পৃষ্টে হয়ে হেলাল (২২) নামের এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। তিনি দর্শনা পৌরসভার দক্ষিণ চাঁদপুর গ্রামের মোঃ জুলফিকার ওরফে জুলুর ছেলে। আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের অস্করপাড়া এলাকায় এই ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে আজ সোমবার সকালে নির্মাণ শ্রমিক মোঃ হেলাল হোসেন দর্শনা দক্ষিণ চাঁদপুর অস্কার পাড়া গ্রামস্থ মোছাঃ রোজিনা খাতুন (৫০) এর বাড়িতে রাজমিস্ত্রির যোগালে হিসেবে কাজ করছিলো। এ সময় দুর্ঘটনা বসত মটরের তারের সাথে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ঘটনাস্থলে মৃত্যুবরণ করেন।

মৃতের লাশ আজ বাসস্ট্যান্ড পাড়া কবরস্থানে দাফন সম্পর্ন হয়েছে।

দর্শনা কেরুজ সবুজ সংগঠনের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্টিত

দর্শনা কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ সংগঠনের উদ্দগে সংগঠন কার্যলয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্টিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল সাড়ে ৫ টায় কেরুজ সবুজ সংগঠন কার্যলয়ে কেরুর শ্রমিক কর্মচারীদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্টিত হয়।উক্ত দোয়া মাহফিলে স্বাগত বক্তব্য রাখেন, সবুজ সংগঠনের কর্নধর ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ বলেন,শ্রমিকদের স্বার্থে সব সময় পাশে আছি থাকবো। আগামী নির্বাচনে আপনারা পাশে থেকে আপনাদের যত প্রকার সুযোগ সুবিধা আছে তা বুজিয়ে দেব।

এ সময় আরও উপস্থিত ছিলেন,কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সহ সভাপতি রেজাউল ইসলাম,সহ সাধারন সম্পাদক হাফিজুল ইসলাম,সদস্য ডাবলু, লোমান, হারিজুল ইসলাম,নুর ইসলাম,ড্রাইভার ইসমাইল, বকুল,মানিক,জহুরুল, রফিকুল ইসলাম ববি,মিরাজ,তোফাজ্জেল হোসেন তপু,মিল্লাত, সিডিএ বাবু,শাওন,এ ইফতার মাহফিলের দোয়া পরিচালনা করেন,কেরুজ জামে মসজিদের পেশ ইমাম,সামসুজোহা,অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন, রাসেল উদ্দিন টগর।

দর্শনায় বন্ধুজন-৮৯ এর

উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত

দর্শনায় বন্ধুজন-৮৯ এর উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দর্শনা সরকারী কলেজের একাডেমী ভবনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা সরকারী কলেজের প্রয়াত প্রতিষ্ঠাতা শিক্ষক-সহপাটি বন্ধুদের রূহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়েছে। দর্শনা কাষ্টমস্ কলনী জামে মসজিদের পেশ ঈমাম দোয়া পরিচালনা করেন।

ইফতার মাহফিলে অতিথি হিসাবে উপস্থিত বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগারের পরিচালক আবু সফিয়ান।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে আব্দুস সামাদ আজাদ বিপু বলেন, আমরা দর্শনা সরকারী কলেজের ব্যাচের অনেক বন্ধুকে হারিয়েছি, আমাদের প্রিয় শিক্ষকদের হারিয়েছি। তাদের মাগফেরাত কামনা এবং সকল বন্ধু সময়ের প্রয়োজনে একত্রিত হতে একে অপরের চলার পথে খোজ খবর রাখা। অসহায় বন্ধুদের পাশে দাড়িঁয়ে সহযোগিতা করা আমাদের এসব অনুষ্ঠানের আয়োজন।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখেন, আব্দুল হাকিম, আজিজুল হক, সালাউদ্দিন কাজল, ইমতিয়াজ হোসেন, কচি, এটিএম খান রান, সরোজিৎ, আব্দুর রাজ্জাক প্রমুখ।

দর্শনায় ১৯৫ বোতল ফেনসিডিলসহ বাবা-ছেলে গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৯৫ বোতল ফেনসিডিলসহ রিপন মিয়া (২৯), রকিম মিয়াকে (৫০) গ্রেফতার করছে দর্শনা থানা পুলিশ।

জানাগেছে গতকাল শুক্রবার (২২ মার্চ) রাত সাড়ে ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চালায় রাঙ্গিয়ারপোতা গ্রামের উত্তর পাড়ায়। এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় রকিব মিয়ার বাড়িতে। এ সময় পুলিশ রকিব মিয়ার নিজ শুয়ার কক্ষে খাটের নিচ থেকে ১৫০ বোতল ও রিপনের ঘর থেকে ৪৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে। এ ফেনসিডিলের বাজার মূল্য অনুমান ৩ লক্ষ ৯০ হাজার টাকা।

এ ঘটনায় এস আই সোহেল বাদি মাদক আইনে বাপ ও ছেলের বিরুদ্ধে দায়ের করেছে মামলা।

চুয়াডাঙ্গার দর্শনায় বিদ্যুৎ স্পৃষ্টে দিন মজুরের মৃত্যু

চুয়াডাঙ্গার দর্শনা মদনা গ্রামে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে বশির আলী (৫০)নামের এক শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে।নিহত বশির আলী একই গ্রামের দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা গ্রামের আফসার আলীর ছেলে।

ঘটনার বিবরনে জানাগেছে, আজ শুক্রবার ২২ মার্চ সকাল ১০ টার দিকে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা উত্তর পাড়ার মৃত্য ইলার উদ্দীনের বাড়ি ভুট্রা শুকানোর কাজে যায়। এ ব্যাপারে স্থানীয় ইউপি সদস্য মো. শামসুল হক জানান, আজ শুক্রবার সকালে গ্রামের একজনের বাড়ির ছাদে ভুট্টা শুকাতে দিয়েছিলেন তিনি। ভুট্টা নেড়েচেড়ে দেয়ার সময় অসাবধানতাবশত বাড়ির ছাদের পাশেই বিদ্যুতের তারের সাথে স্পৃষ্ট হয়ে পড়ে যান। পরে স্থানীয়রা তাকে দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে নেয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. সাদিয়া মা আরিজ বলেন, ‘পরীক্ষা-নিরীক্ষা করে আমরা তাকে মৃত অবস্থায় পেয়েছি। ধারণা করছি, হাসপাতালে নিয়ে আসার পূর্বেই তার মৃত্যু হয়েছে।’

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, বিদ্যুৎস্পৃষ্টে এক ব্যক্তি মারা গেছেন। ঘটনাস্থলে পুলিশ ফোর্স পাঠানো হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হবে। তার অকাল মৃত্যুতে ঐ এলাকা জুড়ে নেমে এসেছে শোকের মাতম।

দর্শনায় বিজিবি-বিএস এফের পতাকা বৈঠক, আপন ঠিকানায় ভারতীয় মা ও ছেলে

মোবাইল ফোনে বাংলাদেশের চট্টগ্রামের সন্দীপের এক মেয়ের সঙ্গে সম্পর্ক করেছিল ভারতের পশ্চিমবঙ্গের দক্ষিন চব্বিশ পরগনোর বাসিন্দা প্রাণ কৃষ্ণ দাস। এরপর সেই মেয়েকে বিয়ে করতে সে তার মা কাজলী দাসকে সঙ্গে নিয়ে অবৈধভাবে যশোর বেনাপোল বন্দর দিয়ে বাংলাদেশে আসে। বিয়ে শেষে ফেরার সময় বাঁধে বিপত্তি।

ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার যাদবপুর সীমান্তে বিজিবি সদস্যরা তাদের আটক করে তাদের পুলিশ সোপর্দ করে। তারপর তাদের ঠাঁই হয় ঝিনাইদহ জেলা কারাগারে। এরপর সাজা শেষে আজ বৃহস্পতিবার (২১ মার্চ) বেলা সাড়ে ১১টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা ইমিগ্রশন চেকপোস্টর শুন্য রেখায় বিজিবি-বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে তাদের ভারতে ফেরত পাঠায়।

দর্শনা ইমিগ্রশন চেকপোস্ট ইনচার্জ এসআই আতিকুর রহমান জানান, ২০২৩ সালের ২৩ সেপ্টম্বর দালাল চক্রের মাধ্যমে যশোরের পুটখালী সীমান্ত দিয়ে অবৈধভাবে তারা বাংলাদেশে অনুপ্রবেশ করে। এরপর চট্টগ্রাম জেলার সন্দীপ গিয়ে ছেলের পছন্দের মেয়েকে বিয়ে করায়। বউকে বাংলাদেশে রেখ বিয়ের ১৫ দিন পর ঝিনাইদহ জেলার মহেশপুর সীমান্ত দিয়ে ২০২৩ সালের ৭ অক্টোবর দালালের মাধ্যমে দেশে ফেরার সময় বিজিবির টহল দলের সদস্যরা তাদের আটক করে পুলিশ দেয়। মহশপুর থানা পুলিশ তাদের আদালতে সোপর্দ করলে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। ভারতের দক্ষিণ-চব্বিশ পরগোনা জেলার ফুলতলী থানার মথুরানগর কলোনী লম্রপাড়া প্লটের বাসিন্দা প্রাণ

কৃষ্ণ দাস পেশায় একজন মৎসজীবি। অবৈধ অনুপ্রবেশের দায়ে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ৫০০ টাকা জরিমানা অনাদায় আরা ১দিন সাজা হয় তাদের। এরপর কারাগারে ছিল ৪ মাস ২১ দিন। কারাভোগ শেষ চেকপাস্ট দিয়ে আনুষ্ঠানিভাব হস্তান্তর করা হয় মা ও ছেলেকে।

এ সময় ভারতীয় বিএস এফের পক্ষে উপস্থিত ছিলেন,ভারতীয় গেদে কোম্পানি কমান্ডার ভিতা সিং ইচ,
ভারতীয় ইমিগ্রেশন ইন্সপেক্টর এস কে বোস কাষ্টমস সুপার সুব্রত মন্ডল,কৃষ্ণগঞ্জ থানার সাব ইন্সপেক্টর শামসুর রহমান, কৃষ্ণগঞ্জ থানার ডি আই বি এ এস আই সাধন মন্ডল।

বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন, দর্শনা আইসিপি ইনচার্জ সুবেদার মন মোহন, দর্শনা চেকপোস্ট ইমিগ্রেশন ইনচার্জ আতিকুর রহমান, দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই টিপু সুলতান, ডি এস বি এ এস আই মাসুদ রানা, এ এস আই আব্দুল মোমিন দু’দেশের বিজিবি-বিএসএফ এবং ইমিগ্রশনের আরও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

দর্শনায় গাঁজাসহ ইজিবাইক চালক জনি গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে গাঁজাসহ মাদক ব্যবসায়ী ইজিবাইক চালক জনি আক্তারকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল রোববার দিবাগত রাত সোয়া ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই তারেক হাসান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রাঙ্গিয়ারপোতা গ্রামের নতুনপাড়ায়। এসময় গ্রামের নতুনপাড়ার জনৈক মোসলেম উদ্দীনের বাড়ির সামনে রাঙ্গিয়ারপোতা- সিংনগরগামী পাঁকা রাস্তার উপর হতে সিংনগরগামী একটি ইজিবাইকের গতিরোধ করে তাতে তল্লাসী চালিয়ে চালকের হেফাজত হতে ৬ কেজি গাঁজা উদ্ধার করা সহ চালক জনি আক্তারকে (২৪) গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা

থানাধীন বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের পুরাতনপাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে।

সেই সাথে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীর নিকট হতে মাদক বহনকাজে ব্যবহৃত একটি নীল রংয়ের পুরাতন তিন চাকা বিশিষ্ট ১ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের একটি ইজিবাইক উদ্ধার পূর্বক জব্দ তালিকা মোতাবেক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।